

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০৩.২০১২-৪৫

তারিখঃ ৩০.০১.২০১৪ খ্রি:

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সচিবালয় ভবন, তৃতীয় ফেজ সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নিউট্রিশন সার্ভিসেস (এনএনএস)-এর ২০১৩-২০১৪ অর্থ বছর আরপিএ (জিওবি) খাতে ১ম-২য় কিস্তি বাবদ ছাড়কৃত ৩৭৫০.০০ লক্ষ টাকা হতে ৪৮৪০ কোডে (স্থানীয় প্রশিক্ষণ) খাতে ৯২০.০০ লক্ষ টাকা অগ্রিম বরাদ্দ প্রদান সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস (কোড নং- ৫-২৭১১-৫২২০) শীর্ষক কর্মসূচির অনুকূলে ১ম-২য় কিস্তিতে আরপিএ (জিওবি) খাতে ছাড়কৃত ৩৭৫০.০০ লক্ষ টাকা হতে স্থানীয় প্রশিক্ষণ বাবদ ৯২০.০০ (নয় কোটি বিশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অর্ন্তভুক্ত ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস (কোড নং- ৫-২৭১১-৫২২০) শীর্ষক অপারেশনাল প্লানের অনুকূলে বরাদ্দকৃত আরপিএ (জিওবি)'র অর্থ হতে কোড নং-৫-২৭১১-৫০৭০-৪৮৪০ হতে বহন করা হবে।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমপর্ন করতে হবে;
- (ঘ) ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত আরপিএ (জিওবি) অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে; এবং
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) পরিপত্র নং-স্বাপকম/সিসপ্র(স্বাস্থ্য-৪)/(IST)HNPSP/২০০৭/২০৭, তারিখ: ২৮-২০-২০০৭ অনুযায়ী HNPSP' আওতায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষার্থীদের সম্মানি ভাতা প্রদান করতে হবে; এবং
- (ছ) এ মন্ত্রণালয়ের ১৮.০৩.২০১৩ তারিখের স্বাপকম/প্রবা-১/বিবিধ-০৩/২০১২-১৫৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।


(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৫৩  
[saspil@mohfw.gov.bd](mailto:saspil@mohfw.gov.bd)  
অপর পৃষ্ঠা দৃষ্টব্য

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০০৩.২০১২-৪৫/১(৯)

তারিখঃ ৩০.০১.২০১৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিসেস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। উপ প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ০৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৮। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-প্রধান ( পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব